

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
পরিবহন পুলভবন, সচিবালয় সংযোগ সড়ক,  
ঢাকা-১০০০।  
সুবর্ণজয়ন্তী সেল  
www.molwa.gov.bd



স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.৩৫.০০১.২২.৩৬৬

তারিখ: ৪ চৈত্র ১৪২৮

১৮ মার্চ ২০২২

বিষয়: স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠান প্রসঙ্গে।

সূত্র: এ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৮.০০.০০০০.০১৫.২৩.০০১.২১.৩০৫, তারিখঃ ০৮ মার্চ ২০২২।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে উল্লেখিত স্মারকে প্রাথমিক, মাধ্যমিক ও কলেজ স্তরে মুক্তিযুদ্ধ ভিত্তিক কুইজ, সংগীত, নৃত্য, চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতায় বিভাগীয় পর্যায়ে ১ম স্থান অর্জনকারী প্রতিযোগীদের জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা আগামী ২০ মার্চ ২০২২ তারিখে ঢাকায় অনুষ্ঠিত হবে। প্রাথমিক ও মাধ্যমিক স্তরের প্রতিযোগিতা বাংলাদেশ শিশু একাডেমী, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকায় এবং কলেজ স্তরের প্রতিযোগিতা বাংলাদেশ শিল্পকলা একাডেমী, ১৪/৩, সেগুনবাগিচা রোড, ঢাকায় অনুষ্ঠিত হবে।

০২। উক্ত প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠান একই দিন ২০ মার্চ ২০২২ তারিখ বিকাল ০৪.০০ টায় বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকার তত্ত্বাবধানে বাংলাদেশ শিশু একাডেমী মিলনায়তনে আয়োজনের জন্য বাংলাদেশ শিশু একাডেমীকে সূত্রোক্ত স্মারকে অনুরোধ জানানো হয়েছে।

০৩। অনিবার্য কারণবশতঃ উক্ত পুরস্কার বিতরণ অনুষ্ঠানটি ২০ মার্চ ২০২২ তারিখে বাংলাদেশ শিশু একাডেমীর পরিবর্তে আগামী ২৭ মার্চ ২০২২ তারিখ রবিবার বিকাল ০৫.০০ টায় সোহরাওয়ার্দী উদ্যান, ঢাকায় অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী আ. ক. ম. মোজাম্মেল হক এম.পি। উল্লেখ্য যে, জাতীয় পর্যায়ের প্রতিযোগিতার ফলাফল পুরস্কার বিতরণ অনুষ্ঠানে ঘোষণা করা হবে এবং অংশগ্রহণকারী প্রত্যেক প্রতিযোগীকে ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা হবে।

০৪। এমতাবস্থায়, পুরস্কার বিতরণ অনুষ্ঠান সংক্রান্ত পরিবর্তিত নির্দেশনাটি অংশগ্রহণকারী সকল প্রতিযোগীকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮-৩-২০২২

মোঃ আশরাফুল আলম খান

উপসচিব

ফোন: ০১৭৫২৫৬৩৪৩০

ফ্যাক্স: +88-02-9550127

ইমেইল:

ashraftito2007@gmail.com

বিতরণ :

১) বিভাগীয় কমিশনার (সকল)

২) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ

শিশু একাডেমি

৩) মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জনাব তপন কান্তি ঘোষ, সচিব, বাণিজ্য মন্ত্রণালয় ও সদস্য সচিব, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি
- ২) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি
- ৩) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ৪) উপসচিব, সুবর্ণজয়ন্তী সেল, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (প্রতিযোগিতার দিন ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থেকে সার্বিক সহায়তা প্রদানের অনুরোধসহ)
- ৫) উপসচিব, সুবর্ণজয়ন্তী সেল, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (প্রতিযোগিতার দিন ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থেকে সার্বিক সহায়তা প্রদানের অনুরোধসহ)
- ৬) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮) সিস্টেম এনালিস্ট, আইটি সেল শাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (পত্রটি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)



১৮-৩-২০২২

মোঃ আশরাফুল আলম খান  
উপসচিব